

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
আর্থিক ব্যবস্থাপনা ও অডিট ইউনিট(এফএমএইউ)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mohfw.gov.bd

নং- স্বাপকম/স্বাসেবি/আ.ব্য.অ.ই/১বি-১/ অডিট ছাড়পত্র/পার্ট-১৪/২০১৭/৩৮

তারিখঃ ১০/০১/২০১৮ খ্রিঃ।


বিষয়ঃ অডিট ছাড়পত্র প্রদান।

সূত্রঃ ১। ডিজিএইচএস/অডিট ছাড়পত্র/৬এ-১৩১/১৬/১০৭১, তাং- ১৯/১১/১৭ইং।

২। শেবামেক/২০১৮/১৬, তাং- ২/০১/১৮ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে ডাঃ তড়িৎ কুমার সমাদ্দার (কোড নং-৩৪৬৮৪), প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপী বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল এর অডিট ছাড়পত্রের জন্য প্রাপ্ত প্রস্তাবের সাথে সংযুক্ত চাকুরী বিবরণী, প্রত্যাশিত শেষ বেতনের প্রত্যয়নপত্র ও অডিট আপত্তির প্রত্যয়নপত্র মতে মন্ত্রণালয়ে রক্ষিত অডিট আপত্তি সংশ্লিষ্ট নথি পরীক্ষান্তে, ডাঃ তড়িৎ কুমার সমাদ্দার এর বিরুদ্ধে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল কর্মকালীন স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক নিরীক্ষিত ১৯৯৭-৯৮ আর্থিক সালে সরকারী বাসায় বসবাসরত কর্মকর্তা/কর্মচারীদের নিকট হতে বিদ্যুৎ বিল বাবদ ৯৫.৬৫৫/- টাকা রাজস্ব ক্ষতি (তন্মধ্য, ডাঃ তড়িৎ কুমার সমাদ্দার এর অংশ ১৬৮০/-টাকা) সংক্রান্ত ১টি অডিট আপত্তি পাওয়া গিয়েছিল। এক্ষণে তিনি তাঁর অংশের আপত্তিকৃত ১৬৮০/-টাকা চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা দিয়েছেন।

২। এমতাবস্থায়, ডাঃ তড়িৎ কুমার সমাদ্দার এর বিপরীতে আর কোন অডিট আপত্তি না থাকায় কোন কর্তন ব্যতিরেকে অডিট ছাড়পত্র প্রদান করা হল। তবে শর্ত থাকে যে, ভবিষ্যতে তাঁর বিরুদ্ধে আর কোন অডিট আপত্তি উত্থাপিত হলে বা সরকারের কোন পাওনা প্রমাণিত হলে তা তিনি/তীর উত্তরাধিকারী উত্থাপিত অডিট আপত্তি নিষ্পত্তি/সরকারের পাওনা টাকা পরিশোধ করতে বাধ্য থাকবেন।



(মোঃ জাহাঙ্গীর আলম)

হিসাবরক্ষণ কর্মকর্তা

ফোনঃ ৯৫৪০৬৬৯।

E-mail: fmaumohfw@gmail.com

মহাপরিচালক,

স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

(দৃঃআঃ- পরিচালক, অর্থ)

অনুলিপি, সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে:

- ১। অতিরিক্ত সচিব (আ.ব্য.অ.), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অধ্যক্ষ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।
- ৩। পরিচালক, চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতাল, চট্টগ্রাম। (আপত্তি নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল)
- ৪। উপসচিব, বাজেট অধিশাখা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। ডাঃ তড়িৎ কুমার সমাদ্দার (কোড নং-৩৪৬৮৪), প্রাক্তন অধ্যাপক (চঃদাঃ), রেডিওথেরাপী বিভাগ, শের-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল।